গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২২.১১.০০০২.২৬.৫৫

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

পরিপত্র

বিষয়: জেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সমন্বয় সভা।

জনশৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সংক্রান্ত কার্যক্রম অধিকতর কার্যকর করা ও প্রয়োজনীয় সমন্বয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে প্রত্যেক মাসে জেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সমন্বয় সভা আয়োজন করতে হবে:-

১	বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট	সভাপতি
২	জেলা ও উপজেলা প্রশাসনের সকল এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	সদস্য
৩	সংশ্লিষ্ট জেলা/মহানগর এলাকায় অবস্থিত মোবাইল কোর্ট পরিচালনাকারী দপ্তর-সংস্থাসমূহের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (প্রত্যেক দপ্তর-সংস্থা হতে একজন)	সদস্য
৪	বিজ্ঞ পিপি/অতিরিক্ত পিপি/এপিপি (সংশ্লিষ্ট)	সদস্য
৫	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	সদস্য-সচিব

কমিটি প্রয়োজনবোধে অন্য কোনো কর্মকর্তাকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে। সভায় প্রতি চার মাসে একবার সকল আদালত/মোবাইল কোর্ট সহকারী (পেশকার) উপস্থিত থাকবেন।

২। **কার্যপরিধি:-**

(ক) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের ফৌজদারি আদালতের মামলা/কার্যধারা নিষ্পত্তি পরিবীক্ষণ;

(খ) মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর অধীন পরিচালিত কার্যক্রম পরিবীক্ষণ এবং তফসিলভুক্ত সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ;

(গ) ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এর অধীন দায়েরকৃত মামলা/ কার্যধারা নিষ্পত্তি পরিবীক্ষণ;

(ঘ) বিলম্বিত মামলাসমূহ দ্রুততম সময়ে নিষ্পত্তির লক্ষ্যে কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

(ঙ) ফৌজদারি কার্যবিধি, মোবাইল কোর্ট আইন এবং ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন সংশ্লিষ্ট আপিল মামলাসমূহে সরকারপক্ষে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকরণ;

(চ) জনশৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধে আইনের বিধান অধিকতর কার্যকরভাবে প্রয়োগের উদ্দেশ্যে কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

(ছ) সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে হালনাগাদ জ্ঞান অর্জন সংক্রান্ত কার্যক্রম তদারকি; এবং

(জ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সংক্রান্ত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহায়তাপ্রাপ্তি নিশ্চিতকরণ, সমন্বয় সাধন চ্যালেঞ্জ/সমস্যা (যদি থাকে) চিহ্নিতকরণ ও সমাধানের ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ।

৩। জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা যে তারিখে অনুষ্ঠিত হবে, সে তারিখে সুবিধাজনক সময়ে এ সভা আয়োজন করতে হবে। নির্দিষ্ট ছকে (ছক সংযুক্ত) আদালত/ম্যাজিস্ট্রেট-ভিত্তিক তথ্য সংগ্রহ করে সভায় উপস্থাপন এবং পর্যালোচনা করতে হবে। সভার আলোচনা হতে আন্ত:বিভাগীয় সমন্বয় সংক্রান্ত কোনো বিষয়ের উদ্ভব হলে প্রয়োজনবোধে তা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করতে হবে। নিয়মিত সভা আয়োজন করে কার্যবিবরণী ডি-নথির মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

০১/১১/২০২৬

নাজমা সিদ্দিকা বেগম
উপসচিব
ফোন: ২২৬৬৪১০৫৮
ই-মেইল: cjme_sec@cabinet.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৪. সিনিয়র সচিব/সচিব---------- মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট) [সংশ্লিষ্ট দপ্তর- সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ];
৫. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সকল কর্মকর্তা, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;
৭. বিভাগীয় কমিশনার (সকল);
৮. জেলা ম্যাজিস্ট্রেট (সকল);
৯. পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
১০. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ; মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. অফিস কপি।

ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইনে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলার তথ্য

জেলার নাম---------

বিবেচ্য মাস									
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম	পূর্ব মাস হতে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা	বিবেচ্য মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা	মোট আবেদনের সংখ্যা (২+৩)	বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা	বিবেচ্য মাসের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা	বিবেচ্য মাসে দখল পুনরুদ্ধারের সংখ্যা	৩ (তিন) মাসের অধিক সময় অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (যদি থাক)	আবেদন নিষ্পত্তির হার	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
সর্বমোট									

কর্মকর্তার নাম:

পদবী:

কর্মস্থল:

ফৌজদারি কার্যবিধির আওতায় **অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট** আদালত-এর মামলা পরিচালনার তথ্য:

জেলার নাম--------

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নাম	বিবেচ্য মাস							
	পূর্ববর্তী মাসের মামলার জের	দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	নিষ্পত্তির হার	অনিষ্পন্ন মামলার সংখ্যা	এক বছরের অধিক সময় ধরে অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
সর্বমোট								

কর্মকর্তার নাম:

পদবী:

কর্মস্থল:

ফৌজদারি কার্যবিধির আওতায় **এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট** আদালত-এর মামলা পরিচালনার তথ্য:

জেলার নাম--------

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম	বিবেচ্য মাস							
	পূর্ববর্তী মাসের মামলার জের	দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	নিষ্পত্তির হার	অনিষ্পন্ন মামলার সংখ্যা	এক বছরের অধিক সময় ধরে অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
সর্বমোট								

কর্মকর্তার নাম:

পদবী:

কর্মস্থল:

মোবাইল কোর্ট সংক্রান্ত তথ্য

জেলার নাম-----

বিবেচ্য মাস

ক্রমিক	এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম	অফিস/দপ্তর/সংস্থা	পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা (টি)	জরিমানার পরিমাণ (টাকা)	কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা (জন)	শুধুমাত্র জরিমানা দণ্ডপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা (জন)	নিয়মিত মামলা দায়েরের সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

কর্মকর্তার নাম:
পদবী:
কর্মস্থল: